গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
সংসদ ও সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

**বিষয়: মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৭-১২-২০২০ খ্রি: |
| সময় | : | বিকাল ০৪.০০ ঘটিকা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮০৮, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট-ক। এছাড়া চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ এবং পায়রা বন্দর কর্তৃপক্ষ, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন; কমান্ড্যান্ট, মেরিন একাডেমি; অধ্যক্ষ, ন্যশনাল মেরিটাইম ইন্সটিটিউট এবং পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম সভায় ভার্চুয়াল সংযোগে অংশগ্রহণ করেন।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত করে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত ২২টি প্রতিশ্রুতির মধ্যে ৫টি বাস্তবায়িত এবং ১৮টি নির্দেশনার মধ্যে ২টি বাস্তবায়িত হয়েছে। সকল দপ্তর/সংস্থা থেকে তথ্য সংগ্রহ করে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনার সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। সভায় প্রতিটি প্রতিশ্রুতি এবং নির্দেশনার বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরা হয়। সকল দপ্তর এবং সংস্থার প্রধান/অনুমতিপ্রাপ্ত প্রতিনিধি এবং মন্ত্রণালয়ের উপস্থিত কর্মকর্তাবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

০২। সভায় জানানো হয় যে, প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলোর যে অগ্রগতিগুলো উপস্থাপন করা হয়েছে তা গতানুগতিক। এগুলোকে অল্প কথায় দৃশ্যমান অগ্রগতিসহ পেশ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনার মধ্যে যেগুলো বাস্তবায়িত হয়েছে সেগুলোকে আলাদা করতে হবে। বাস্তবায়ন পরবর্তী কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। প্রাপ্ত প্রতিশ্রুতি অনুযায়ী প্রাপ্ত সুবিধা অগ্রগতি প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

০৩। যে সকল প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে সেগুলোর সর্বশেষ সুনির্দ্দিষ্ট অগ্রগতি প্রেরণ করতে হবে। প্রকল্পের ক্ষেত্রে বাস্তবায়নের শতকরা হার উল্লেখ করতে হবে। যে সব প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন পর্যায়ে রয়েছে সেসব কার্যক্রমের মাসভিত্তিক অর্জন/সাফল্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে। পরবর্তী প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নে কোন জটিলতা থাকলে তা মন্ত্রণালয়কে অবহিত করে দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অন্য কোন মন্ত্রণালয়/বিভাগের সাথে সম্পৃক্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাগুলো উক্ত মন্ত্রণালয়/বিভাগের সাথে পরামর্শ করে বাস্তবায়ন করতে হবে।

০৪। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতিটি দপ্তর ও সংস্থায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা থাকবেন যিনি অগ্রাধিকার ভিত্তিতে এ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে প্রস্তুত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন বিষয়ক কার্যক্রম মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা নিয়মিতভাবে মনিটরিং করবেন। প্রকল্প কার্যক্রমের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং হতে হালনাগাদ তথ্যাদি সরবারহ করতে হবে।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহকে বাস্তবায়িত, বাস্তবায়নাধীন ও চলমান প্রক্রিয়া ভিত্তিক ভাগ করে **বাস্তবায়ন অগ্রগতির** প্রতিবেদন **স্বল্প কথায়, উপযুক্ত তথ্য ও অর্জনসহ নির্ধারিত ছকে প্রতিমাসের** ০৩ (তিন) **তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।**

**(২) প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নে কোন জটিলতা সৃষ্টি হলে তা জরুরী ভিত্তিতে মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়কে অবহিত করতে হবে।**

**(৩) দপ্তর/সংস্থার প্রধানগণ যথাসময়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করার বিষয়টি ব্যক্তিগতভাবে মনিটরিং করবেন।**

(৪) মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা **প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়ন কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করবেন।**

**(৫) প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প গ্রহণ করা হলে এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং সরবারহ করবে।**

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১০-১২-২০২০ খ্রি:
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৮.০০.০০০০.০৩৬.০৬.০১৬.১৯ (অংশ-১)- ২০০

তারিখ ৩০ অগ্রহায়ণ ১৪২৭ ব: / ১৫ ডিসেম্বর ২০২০খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, চবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/মোবক/বাস্থবক/পাবক/জাতীয় নদী রক্ষা কমিশন।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল, বেইলী রোড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

৫। যুগ্মসচিব (উন্নয়ন/জাহাজ/আই.ও/ চবক/জানরক/আইন ও অডিট/পরিকল্পনা), যুগ্ম-প্রধান পরিকল্পনা, নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।

৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, আনোয়ারা, চট্টগ্রাম।

৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

৮। উপসচিব (চবক/পাবক/টিএ/নৌ শিক্ষা ও প্রশিক্ষণ/বাস্থবক/পরিকল্পনা/বাজেট/উন্নয়ন), নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।

৯। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।

১০। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, দক্ষিণ হালিশহর, বন্দর, চট্টগ্রাম-৪১০০।

১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।

১২। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (টিসি/মোবক/বিএসসি/জাহাজ/আইন/উন্নয়ন-১, ২ ও ৩/পরিকল্পনা-১/২/৩/৪/৫), নৌপরিবহন মন্ত্রণালয়, (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সম্পৃক্ত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করার অনুরোধসহ)।

১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২) এর ব্যক্তিগত কর্মকর্তা,নৌপরিবহন মন্ত্রণালয়।

১৪। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়।

১৫। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৫.১২.২০২৩

মোঃ আলাউদ্দিন

সহকারী সচিব